

একই তারিখ ও স্মারকের স্থলাভিষিক্ত  
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়  
স্বাস্থ্য সেবা বিভাগ  
প্রশাসন-১ অধিশাখা  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।  
www.mohfw.gov.bd

স্মারক নং-৪৫.০০.০০০০.১৪০.১১.০০৩.১৭-৯১৯

তারিখঃ ২৫ জুন ২০১৯ খ্রিষ্টাব্দ  
১১ আষাঢ় ১৪২৬ বঙ্গাব্দ

বিষয়ঃ আউট সোর্সিং এর মাধ্যমে জনবল নিয়োগের প্রশাসনিক অনুমোদন

সূত্রঃ (১) অর্থ বিভাগের স্মারক নং-০৭.০০.০০০০.১৫৬.১৫.০৭.২০১৯.২২১, তারিখঃ ০৪/১১/২০১৮ খ্রিঃ

(২) শেখ রাসেল গ্যাস্ট্রোলিভার ইনস্টিটিউট ও হাসপাতালের স্মারক নং-এসআরজিআই/প্রশাসন/২০১৮-২০১৯/১১১, তারিখঃ ৭/০৪/২০১৯ খ্রিঃ


উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকসমূহের পরিপ্রেক্ষিতে স্বাস্থ্য সেবা বিভাগের নিয়ন্ত্রণাধীন শেখ রাসেল গ্যাস্ট্রোলিভার ইনস্টিটিউট ও হাসপাতালের পরিষ্কার পরিচ্ছন্নতা ও সার্বক্ষণিক সেবা নিশ্চিতকরণার্থে আউটসোর্সিং প্রক্রিয়ায় সেবা গ্রহণ নীতিমালা, ২০১৮ অনুযায়ী ২০১৯-২০২০ সালের জন্য নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে নিম্নোক্ত ৬৯ জন সেবা কর্মীর সেবা ক্রয়ের নিমিত্ত সম্মতি নির্দেশক্রমে জ্ঞাপন করা হলো:

ক্রমিক নং	পদের নাম	সেবা কর্মীর সংখ্যা	সেবার ক্যাটাগরি	ঢাকা মেট্রোপলিটন এলাকার জন্য সেবা মূল্য(জনপ্রতি)	মন্তব্য
১	আয়া	১৮	৫	১৭,৬১০/-	শেখ রাসেল গ্যাস্ট্রোলিভার ইনস্টিটিউট ও হাসপাতালটি ঢাকা মেট্রোপলিটন এলাকার অণুতাজুস্ত বিধায় মাসিক সেবামূল্য সে অনুসারে নির্ধারণ করা হয়েছে।
২	পরিচ্ছন্নতা কর্মী	০৯	৫	১৭,৬১০/-	
৩	নিরাপত্তা প্রহরী	০৪	৫	১৭,৬১০/-	
৪	ওয়ার্ড বয়	১৮	৫	১৭,৬১০/-	
৫	পাম্প অপারেটর	০১	২	১৮,৬১০/-	
৬	জেনারেটর সার্ভিস টেকনিশিয়ান	০১	২	১৮,৬১০/-	
৭	ইলেকট্রিশিয়ান	০১	১	১৯,১১০/-	
৮	সহকারী গার্ডেনার	০১	৫	১৭,৬১০/-	
৯	বাবুচি	০৫	৪	১৭,৯১০/-	
১০	সহকারী বাবুচি	০৫	৫	১৭,৬১০/-	
১১	টেবিল বয়	০৬	৫	১৭,৬১০/-	
মোট জনবল = ৬৯					

শর্তাবলী:

(ক) আউট সোর্সিং প্রক্রিয়ায় সেবা প্রদানকারীর সেবা মূল্য সেবা প্রদানকারীর নিজ নামীয় ব্যাংক হিসাবে সেবা ক্রয়কারী কর্তৃক প্রদেয় হবে ;

(খ) এ সেবা ক্রয়ের ক্ষেত্রে পাবলিক প্রকিউরমেন্ট আইন ২০০৬ ও পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা ২০০৮ এর বিধি-বিধান অনুসরণ করতে হবে।

  
(শাহিনা খাতুন)  
যুগ্মসচিব

ফোনঃ ৯৫৭৭৯৮৫

admin1@hsd.gov.bd

পরিচালক

শেখ রাসেল গ্যাস্ট্রোলিভার ইনস্টিটিউট ও হাসপাতাল  
মহাখালী, ঢাকা।

অনুলিপি:

- ১। সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা [দৃঃআঃ যুগ্মসচিব (ব্যয় ব্যবস্থাপনা-৬)]
- ২। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা দৃষ্টি আকর্ষণঃ পরিচালক (প্রশাসন)
- ৩। যুগ্মসচিব (বাজেট-১/২), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
- ৪। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
- ৫। সচিবের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
- ৬। সিস্টেম এনালিস্ট (স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
- ৭। অতিরিক্ত সচিব (প্রশাসনিক প্রশাসন ও পুষ্টি) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়  
স্বাস্থ্য সেবা বিভাগ  
প্রশাসন-১ অধিশাখা  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।  
[www.hsd.gov.bd](http://www.hsd.gov.bd)

স্মারক নং-৪৫.১৪০.০১১.০০.০০.০০৬.২০১৩- ৫৬৬

তারিখঃ ০১ জুলাই ২০১৯ খ্রিস্টাব্দ  
১৭ আষাঢ় ১৪২৬ বঙ্গাব্দ

বিষয়ঃ শহীদ তাজউদ্দীন আহমদ মেডিকেল কলেজ হাসপাতাল, গাজীপুর কার্যালয়ে ৩য় শ্রেণির শূন্য পদে জনবল নিয়োগের ছাড়পত্রের মেয়াদ বৃদ্ধি।

সূত্রঃ (১) শহীদ তাজউদ্দীন আহমদ মেডিকেল কলেজ হাসপাতাল, গাজীপুর কার্যালয়ের স্মারক নং-পরিঃ/শঃতাজঃআঃমেঃকঃহাসঃ/গাজীঃ/২০১৯/৫৯৬,  
তারিখঃ ২৭/০৩/২০১৯খ্রিঃ  
(২) স্বাস্থ্য সেবা বিভাগের স্মারক নং-৪৫.১৪০.০১১.০০.০০.০০৬.২০১৩-৭৬৬, তারিখঃ ২৭/০৫/২০১৮খ্রিঃ

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, স্বাস্থ্য সেবা বিভাগের ২নং সূত্রোক্ত স্মারকে শহীদ তাজউদ্দীন আহমদ মেডিকেল কলেজ হাসপাতালে ক্যাশিয়ার এর ০১(এক)টি পদে নিয়োগের ছাড়পত্র প্রদান করা হয়। এক্ষণে, ২নং সূত্রোক্ত স্মারকের ধারাবাহিকতায় বিজ্ঞ আদালতের আদেশ দ্বারা বারিত না হলে ক্যাশিয়ারের ০১টি পদে ছাড়পত্রের মেয়াদ ২৭/০৫/২০১৯ হতে আরও ০১(এক) বছর নির্দেশক্রমে বর্ধিত করা হল।

২। উল্লেখ্য, বাংলাদেশ স্বাস্থ্য বিভাগীয় নন-মেডিকেল কর্মচারি নিয়োগ বিধিমালা ২০১৮ অনুসরণ করে জনবল নিয়োগ করতে হবে এবং ২নং সূত্রোক্ত পত্রের সকল শর্ত অপরিবর্তিত থাকবে। সেই সঙ্গে সকল আনুষ্ঠানিকতা ও বিধি-বিধান যথাযথভাবে অনুসরণ করতে হবে।



(শাহিনা খাতুন)

যুগ্মসচিব

ফোনঃ ৯৫৭৭৯৮৫

admin1@hsb.gov.bd

পরিচালক

শহীদ তাজউদ্দীন আহমদ মেডিকেল কলেজ হাসপাতাল  
গাজীপুর।

অনুলিপিঃ

১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।

দৃষ্টি আকর্ষণঃ পরিচালক (প্রশাসন)

২। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।

৩। সচিবের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।

৪। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

৫। অতিরিক্ত সচিব(অভ্যন্তরীণ প্রশাসন ও শৃঙ্খলা) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।